

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ আগস্ট ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত

জামান'স রেস্টুরেন্টকে ১ লক্ষ ৩০ হাজারসহ বিভিন্ন অপরাধে ৮ ব্যক্তিকে ১ লক্ষ ৪৩ হাজার টাকা জরিমানা করা হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে আগ্রাবাদ জামান'স রেস্টুরেন্টের রান্না ঘরের পরিবেশ অপরিচ্ছন্ন ও নোংরাসহ স্বাস্থ্যবিধি অনুসরণ না করায় এবং কর্মীদের হেলথ ফিটনেস সনদ না থাকায় আগ্রাবাদস্থ বাদামতলী মোড়ে জামান'স রেস্টুরেন্টের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে নাসিরাবাদ শিল্প এলাকায় রাস্তার উপর অবৈধভাবে ট্রাক পার্কিং করে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ট্রাক মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর এক অভিযানে নগরীর আগ্রাবাদ বাদামতলী মোড় হয়ে কমার্স কলেজ রোডের বাণিজ্যিক এলাকা সড়কের উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথের অবৈধ দোকানপাট উচ্ছেদ করা হয়। অভিযানে শেখ মুজিব রোডে দেওয়ানহাট মোড় থেকে বাদামতলী মোড় পর্যন্ত রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭ হাজার ৯ শত টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩